# ২৬ হাজার স্কুল গেজেটভুক্তির সুপারিশ

নিজস্ব প্রতিবেদক

১৮ ফেব্রুয়ারি ২০২১ ০০:০০ | আপডেট: ১৭ ফেব্রুয়ারি ২০২১ ২২:৩৯

দেশে প্রাথমিক বিদ্যালয়গুলোয় পাঠদানে গুণগত পরিবর্তন আনতে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়কে সুপারিশ করেছে এ সম্পর্কিত সংসদীয় কমিটি। একই সঙ্গে মন্ত্রণালয়ের চলমান প্রকল্পগুলোর কার্যক্রম আরও গতিশীল করার সুপারিশ করা হয়েছে। এ ছাড়া ২৬ হাজার ১৯৩টি রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় জাতীয়করণ সংক্রান্ত গেজেটভুক্তির কার্যক্রম আরও গতিশীল করার সুপারিশ করা হয়।

গতকাল জাতীয় সংসদ সচিবালয়ের অনুষ্ঠিত প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয়

কমিটির বৈঠকে এ বিষয়ে আলোচনা হয়। বৈঠকের কার্যপত্র থেকে জানা যায়, নিজ নিজ নির্বাচনী এলাকার সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোকে দৃষ্টিনন্দন করতে চান প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় কমিটির সদস্যরা। পাশাপাশি এসব বিদ্যালয়ে অন্যান্য সুযোগ-সুবিধা বৃদ্ধিতে প্রধিকারও চান তারা। সংসদীয় কমিটি তার আগের বৈঠকে এ সুপারিশ করেছিল।

যেসব পিটিআইয়ের কার্যক্রম প্রশিক্ষণার্থী না থাকায় বন্ধ হয়ে আছে, সেগুলো চালু করা এবং বেসরকারি পিটিআইতে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের প্রশিক্ষণ গ্রহণ সহজ করার জন্য সুপারিশ করা হয় বৈঠকে। সভাপতি মোস্তাফিজুর রহমানের সভাপতিত্বে সংসদ ভবনে অনুষ্ঠিত বৈঠকে কমিটির সদস্য প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী মো. জাকির হোসেন, আলী আজম, বেগম শিরীন আখতার, বেগম ফেরদৌসী ইসলাম ও কাজী মনিরুল ইসলাম অংশগ্রহণ করেন।

**ভারপ্রাপ্ত সম্পাদক : মোহাম্মদ গোলাম সারওয়ার**

১১৮-১২১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন: ৫৫০৩০০০১-৬ ফ্যাক্স: ৫৫০৩০০১১ বিজ্ঞাপন: ৮৮৭৮২১৯, ০১৭৬৪১১৯১১৪
ই-মেইল : news@dainikamadershomoy.com, editor@dainikamadershomoy.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯
Privacy Policy